"খাদ্য মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রস্তুতকরণ বিষয়ে অনুষ্ঠিত সেমিনারের র‍্যাপোর্টিয়ার্স রিপোর্ট"

তারিখঃ ২১.০৪.২০২২খ্রি.
সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।
স্থানঃ অনলাইন ভিডিও কনফারেন্সিং সিস্টেম (জুম) এর মাধ্যমে।

খাদ্য মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রস্তুতকরণ বিষয়ে ২১.০৪.২০২২খ্রি. তারিখ সকাল ১১.০০ ঘটিকা অনলাইন ভিডিও কনফারেন্সিং সিস্টেম (জুম) এর মাধ্যমে সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে মুখ্য আলোচক ড. মোছাম্মৎ নাজমানারা খানুম, সচিব, খাদ্য মন্ত্রণালয় অংশগ্রহণকারী সকল সদস্যকে স্বাগত জানিয়ে সেমিনারের শুভ উদ্বোধন করেন।

উক্ত সেমিনারে আলোচক হিসাবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মজিবর রহমান, অতিরিক্ত সচিব (প্রশাসন) এবং জনাব খুরশীদ ইকবাল রেজভী, অতিরিক্ত সচিব (পরিকল্পনা এবং উন্নয়ন) খাদ্য মন্ত্রণালয়। প্রবন্ধ উপস্থাপক হিসাবে উপস্থিত ছিলেন জনাব মো: শাহ্ নেওয়াজ তালুকদার, অতিরিক্ত সচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং সঞ্চালক হিসাবে উপস্থিত ছিলেন জনাব সৌরেন্দ্র নাথ সাহা, উপসচিব ও শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা। এছাড়াও অংশগ্রহণকারী হিসাবে খাদ্য মন্ত্রণালয়ের ১ম শ্রেণীর সকল কর্মকর্তা, খাদ্য অধিদপ্তরের মহাপরিচালক, শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যান,শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপস্থিত ছিলেন।

প্রবন্ধ উপস্থাপনঃ খাদ্য মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপকিল্পনা প্রস্তুতকরণ বিষয়ক সেমিনারের প্রবন্ধ উপস্থাপন করেন জনাব মো: শাহ্ নেওয়াজ তালুকদার, অতিরিক্ত সচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়। আলোচনাপর্বে প্রবন্ধ উপস্থাপক প্রথমে খাদ্য মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার সকল কার্যক্রম উপস্থাপন করেন। পরবর্তীতে দুর্নীতি ও সুশাসন প্রতিষ্ঠায় সহায়ক কার্যক্রম নং-৩.১, ৩.২, ৩.৩ এবং ৩.৪ এর নতুন কার্যক্রম গ্রহণ করার জন্য অত্র মন্ত্রণালয়ের প্রতিটি অনুবিভাগ কর্তৃক প্রেরিত কার্যক্রম বিষয়সহ যে সকল কার্যক্রম গ্রহণ করলে দুর্নীতি এবং সুশাসন প্রতিষ্ঠায় সহায়ক হবে এমন কার্যক্রম গ্রহণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। খাদ্য অধিদপ্তর এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা প্রস্তুত করে আগামী ২৮.৪.২০২২খ্রি. তারিখের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল পূর্বক ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ প্রদান করেন।

অত:পর প্রবন্ধ উপস্থাপক খাদ্য মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রমের লক্ষ্যমাত্রা ও প্রমাণক নির্ধারণ বিষয়ে বিভিন্ন মতামত তুলে ধরেন এবং ৩.১,৩.২ ও ৩.৪ এর কার্যক্রম সমূহ নির্ধারণের বিষয়ে অতিরিক্ত সচিব (সংগ্রহ ও সরবরাহ), অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), অতিরিক্ত সচিব (অডিট ও বাজেট), মহাপরিচালক (এফপিএমইউ) মতামত তুলে ধরে কার্যক্রম নির্ধারণের জন্য বিভিন্ন সুপারিশ প্রস্তাব করেন।

প্যানেল আলোচকদের আলোচনাঃ

মূখ্য আলোচক ড. মোছাম্মৎ নাজমানারা খানুম উপস্থাপিত প্রবন্ধের উপর বিভিন্ন মতামত তুলে ধরেন। তিনি বলেন যে, সমসাময়িক সময়ের কর্মযোগ্যের অতীব গুরুত্বপূর্ণ বিষয়টির গুরুত্ব বিবেচনায় এনে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনাও একটি উল্লেখযোগ্য উদ্ভাবনী কার্যক্রম। তিনি খাদ্য মন্ত্রণালয়, খাদ্য অধিদপ্তর ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ অর্থবছরের কার্যক্রম নং-১.৫, কার্যক্রম নং-২.৪,কার্যক্রম নং-২.৫, কার্যক্রম নং-৩.১, কার্যক্রম নং-৩.২, কার্যক্রম নং-৩.৩ এবং কার্যক্রম নং-৩.৪ এর বিষয়ে লক্ষ্যমাত্রা ও প্রমাণক নির্ধারণ বিষয়ে মূল্যবান মতামত ব্যক্ত করেন।

মুক্ত আলোচনাঃ

মুক্ত আলোচনা পর্বে মহাপরিচালক খাদ্য অধিদপ্তর জনাব মোঃ শাখাওয়াত হোসেন, অতিরিক্ত সচিব (প্রশাসন) মোঃ মজিবর রহমান,অতিরিক্ত সচিব (অডিট ও বাজেট) ড. সালমা মমতাজ, অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব খুরশীদ ইকবাল রেজভী, মহাপরিচালক (এফপিএমইউ) জনাব মোঃ শহীদুজ্জামান ফারুকী, খাদ্য মন্ত্রণালয় এবং চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জনাব আব্দুল কাইউম সরকার ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার দুর্নীতি ও সুশাসন প্রতিষ্ঠায় সহায়ক কার্যক্রম গ্রহণ এবং কর্মপরিকল্পনা প্রস্তুতকরণ বিষয়ে গুরুত্বপূর্ণ মতামত ব্যক্ত করেন।

**র‍্যাপোর্টিয়ারবৃন্দের পর্যবেক্ষণের ভিত্তিতে সেমিনারে গৃহিত সুপারিশঃ**

সেমিনারের উপস্থাপিত প্রবন্ধ ও আলোচনার ভিত্তিতে র‍্যাপোর্টিয়ারবৃন্দ তাদের পর্যবেক্ষণ উপস্থাপন করলে খাদ্য মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ অর্থবছরের কার্যক্রমসমূহের উপর সর্বসম্মতভাবে নিম্নলিখিত সিদ্ধান্ত সুপারিশ করা হয়ঃ

| কার্যক্রমের নাম | সিদ্ধান্ত |
|---|---|
| ১.১ নৈতিকতা কমিটির সভা | কর্মপরিকল্পনার ৬ নং কলামে লক্ষ্যমাত্রা ৪ কোয়ার্টারে ৪টি উল্লেখ করতে হবে। |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | কর্মপরিকল্পনার ৬ নং কলামে লক্ষ্যমাত্রা ১০০% নির্ধারণ করে প্রত্যেক কোয়ার্টারে ১০০% উল্লেখ করতে হবে। |
| ১.৩ সুশাসান প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | কর্মপরিকল্পনার ৬নং কলামে ২টি সভা এবং ২য় কোয়ার্টারে (নিরাপদ খাদ্য) সংশ্লিষ্ট ০১টি এবং ৩য় কোয়ার্টারে (সংগ্রহ ও সরবরাহ) সংশ্লিষ্ট ০১টি উল্লেখ করতে হবে। |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | লক্ষ্যমাত্রা সংখ্যায় ৪টি প্রশিক্ষণ এবং বন্ধনীর ভিতরে ১৭০ জন উল্লেখপূর্বক ১ম কোয়ার্টারে ৪০জন, ২য় কোয়ার্টারে ৪০জন, ৩য় কোয়ার্টারে ৪৫ জন ও ৪র্থ কোয়ার্টারে ৪৫ জন হিসাবে বিভাজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি) | কর্মপরিকল্পনার ৬নং কলামে লক্ষ্যমাত্রা ২টি কার্যক্রম নির্ধারণ পূর্বক ৩য় কোয়াটারে নথি বিনষ্টকরণ ও ৪র্থ কোয়ার্টারে অকেজো মালামাল নিষ্পত্তিকরণ কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**কর্মপরিকল্পনার সাথে ছক সংযুক্ত করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে।**<br>নথি বিনষ্টকরণ বিষয়ে একটি কমিটি গঠন করতে হবে। |
| ১.৬ আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | কর্মপরিকল্পনার ৬ নং কলামে ৩টি কোয়ার্টারে তারিখসহ ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণের তারিখ ২য় কোয়ার্টারে ৩০/১০/২২খ্রি, ৩য় কোয়ার্টারে ৩১/০১/২৩খ্রি, এবং ৪র্থ কোয়ার্টারে ৩০/০৪/২৩খ্রি. উল্লেখ করতে হবে। |
| ২.১ ২০২২-২৩ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | কর্মপরিকল্পনার ৬ নং কলামে লক্ষ্যমাত্রা ২টি এবং ১ম কোয়ার্টারে ২১/০৭/২২খ্রি, ২য় কোয়ার্টারে ৩১/০৩/২২খ্রি. (সংশোধিত) উল্লেখ করতে হবে। |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (প্রকল্পের ক্রয় পরিকল্পনাসহ) | কর্মপরিকল্পনার ৬ নং কলামে লক্ষ্যমাত্রা ১০০% নির্ধারণ করে ১ম কোয়ার্টারে ১০% , ২য় কোয়ার্টারে ৩০%, ৩য় কোয়ার্টারে ৬৫% এব ৪র্থ কোয়ার্টারে ১০০% উল্লেখ করতে হবে। |
| ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | কর্মপরিকল্পনার ৬ নং কলামে লক্ষ্যমাত্রা ১০০% নির্ধারণ করে ১ম কোয়ার্টারে ১০% , ২য় কোয়ার্টারে ৩০%, ৩য় কোয়ার্টারে ৬৫% এব ৪র্থ কোয়ার্টারে ১০০% উল্লেখ করতে হবে। |
| ২.৪ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | কর্মপরিকল্পনার ৬ নং কলামে লক্ষ্যমাত্রা ১৪টি সভা এবং ১ম কোয়ার্টারে ৪টি, ২য় কোয়ার্টারে ৩টি, ৩য় কোয়ার্টারে ৪টি, ৪র্থ কোয়ার্টারে ৩টি উল্লেখ করতে হবে।<br>**কর্মপরিকল্পনার সাথে ছক সংযুক্ত করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে।** |
| ২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | কর্মপরিকল্পনার ৬ নং কলামে লক্ষ্যমাত্রা ৪র্থ কোয়ার্টারে ৩০/০৬/২৩খ্রি. উল্লেখ করতে হবে।<br>**কর্মপরিকল্পনার সাথে ছক সংযুক্ত করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে।** |
| ৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | কর্মপরিকল্পনার ৬নং কলামে লক্ষ্যমাত্রা ৪র্থ কোয়ার্টারে ৩০/০৬/২৩খ্রি. উল্লেখ করতে হবে। |
| ৩.২ খাদ্য অধিদপ্তরের রাজস্ব বাজেটের আওতাধীন শ্রম হ্যান্ডিলিং কার্যক্রমের ক্রয় পরিক্রয়ায় (প্রতি বিভাগে ০২টি জেলার সকল সংরক্ষণাগারে আইনগত বা প্রশাসনিক বাধা না থাকলে শ্রম ক্রয়ে যথাসময়ে টেন্ডার করা হচ্ছে কিনা, অনুমোদিত ন্যূনতম মজুরি মানা হচ্ছে কিনা | কর্মপরিকল্লার ৬ নং কলামে লক্ষ্যমাত্রা ৩০/০৬/২৩খ্রি. উল্লেখ করতে হবে। |

| | |
|---|---|
| সে বিষয়ে মনিটরিং ও ফিডব্যাক প্রদান এবং ব্যর্থতায় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ) বিশেষ তদারকী ব্যবস্থা প্রচলন। | |
| ৩.৩ খাদ্য অধিদপ্তরের অডিট সফটওয়্যারের এন্ট্রিকৃত সকল অডিটের মধ্যে কোন কর্মচারীর ব্যক্তিনামে আপত্তি থাকলে তা শনাক্তকরণের এবং উক্ত আপত্তির জবাব মন্ত্রণালয় হতে নিষ্পত্তির সুপারিশসহ সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে কিনা শনাক্তকরণের পদ্ধতি প্রবর্তন করে পেনশন প্রদানে দুর্নীতি রোধ করা। | কর্মপরিকল্পনার ৬ নং কলামে লক্ষ্যমাত্রা ৪র্থ কোয়ার্টারে ৩০/০৬/২৩খ্রি. উল্লেখ করতে হবে। |
| ৩.৪ খাদ্য মন্ত্রণালয়ের পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগের প্রধান কর্তৃক ০৩টি প্রকল্পের প্রতিটির একটি করে কম অগ্রগতি সম্পন্ন কাজের Visual পরিদর্শন প্রতিবেদন প্রদান এবং তা বাস্তবায়ন সংক্রান্ত Visual বাস্তবায়ন প্রতিবেদন গ্রহণের মাধ্যমে Visual Monitoring পদ্ধতি চালুকরণের মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ। | কর্মপরিকল্পনার ৬ নং কলামে লক্ষ্যমাত্রা ৪র্থ কোয়ার্টারে ৩০/০৬/২৩খ্রি. উল্লেখ করতে হবে। |

অতঃপর সভাপতি শুদ্ধাচার কর্মপরিকল্পনা যথাযথ প্রস্তুতপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও ওয়েবসাইটে আপলোড করার আশাবাদ ব্যক্ত করে সক্রিয় ও প্রাণবন্ত অংশগ্রহণের জন্য সকলকে আন্তরিক ধন্যবাদ জানান এবং সেমিনারের সমাপ্তি ঘোষণা করেন।

(স্বপ্না ভদ্র)
প্রশাসনিক কর্মকর্তা

২৮/০৪/২২
(মোঃ জুয়েল রানা)
সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর